



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

বিষয় : দি ফার্মেসী অরডিনেন্স, ১৯৭৬ এর ৪(১) ধারার উপধারা (২) অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান হিসাবে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কমিটিতে অন্তর্ভুক্তি প্রসংগে।

সূত্র :—বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত, তারিখ : ১৫ সেপ্টেম্বর, ২০১৪।

নং স্বাপকম/স্বাঃসেঃবিঃ/ঔঃপ্রঃ-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-২)(১১)-১২২—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দি ফার্মেসী অর্ডিনেন্স, ১৯৭৬ মোতাবেক বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কার্যক্রম পরিচালিত হয়। উক্ত অরডিনেন্স এর ৪(১) ধারার উপধারা (২) অনুযায়ী ১৫ জন সদস্যের মধ্যে “ই” ক্রম অনুযায়ী একজন সদস্য হবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান (চেয়ারম্যান)। ফার্মেসী বিভাগ বিলুপ্ত করে নতুন তিনটি বিভাগ সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে ফার্মেসী অনুষদের ডিন উক্ত কমিটির সদস্য হিসাবে পরবর্তীতে অন্তর্ভুক্ত হন। মহামান্য হাইকোর্টের একটি আদেশের প্রেক্ষিতে বিলুপ্ত হওয়া ফার্মেসী বিভাগ পুনরায় চালু হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ড. সীতেশ চন্দ্র বাছার-কে ফার্মেসী বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব প্রদান করেন।

এমতাবস্থায়, দি ফার্মেসী অর্ডিনেন্স, ১৯৭৬ এর ৪(১) ধারার উপধারা (২) “ই” ক্রম অনুযায়ী জারীকৃত বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কমিটিতে ডিন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর পরিবর্তে Head of the department of Pharmacy in the University of Dhaka তথা চেয়ারম্যান, ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে অন্তর্ভুক্ত করে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল নির্দেশক্রমে সংশোধনপূর্বক পুনর্গঠন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাকসুদা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯৯১)

মূল্য : টাকা ৪.০০